



জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল - ৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০ (এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

প্রেস রিলিজ

তারিখ: ২৮.০৫.২০১৮ খ্রি:

ববিত্তে উপাচার্য মহোদয়ের ৩ বছর পূর্তিতে শুভেচ্ছা জ্ঞাপন

বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য হিসেবে সফল ভাবে ৩ বছর অতিবাহিত করায় আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন মৃত্তিকা ও পরিবেশ বিজ্ঞানী প্রফেসর ড. এস এম ইমামুল হক কে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগ, দপ্তর ও বিভিন্ন সংগঠনের পক্ষ থেকে ফুলেল শুভেচ্ছা জ্ঞাপন করা হয়েছে। অদ্য ২৮ মে ২০১৮ তারিখ সকাল ১১ ঘটিকায় উপাচার্য মহোদয়কে ফুলেল শুভেচ্ছা জ্ঞাপন ও সম্মাননা ট্রেস্ট প্রদান করেন বরিশাল বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি, অফিসার্স এসোসিয়েশন, প্রক্টর অফিস, বিভিন্ন বিভাগ, হল এবং দপ্তর সমূহসহ গ্রেড ১১-১৬ কল্যান পরিষদ ও গ্রেড ১৭-২০ কল্যান পরিষদ এর নেতৃত্বন্দ। উপাচার্য মহোদয় তাঁকে শুভেচ্ছা জানাতে আসা সম্মানিত শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের ধন্যবাদ জ্ঞাপন করে বলেন, বরিশাল বিশ্ববিদ্যালয় আপনাদের। সরকার একটা নির্দিষ্ট মেয়াদের জন্য আমাকে উপাচার্য হিসেবে এ বিশ্ববিদ্যালয়ে নিয়োগ দিয়েছেন বিশ্ববিদ্যালয়টিকে সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য। আপনারা সকলে মিলে নিরলস পরিশ্রম করছেন বিধায় বরিশাল বিশ্ববিদ্যালয়ের সুনাম আজ চারদিকে ছড়িয়ে পড়েছে। আপনাদের এ আন্তরিকতা, কর্তব্যনিষ্ঠা ও কর্মস্পৃহা অব্যাহত থাকলে অচিরেই শিক্ষা ও গবেষণার ক্ষেত্রে বরিশাল বিশ্ববিদ্যালয় বিশ্ব দরবারে পরিনত হবে এক অনন্য শিক্ষা প্রতিষ্ঠানে। আপনাদের সকলের সার্বিক সহযোগিতায় বঙ্গবন্ধুর স্বপ্নের বরিশাল বিশ্ববিদ্যালয় অচিরেই একটি আন্তর্জাতিক মানের উচ্চশিক্ষা প্রতিষ্ঠানে পরিনত হবে এ প্রত্যাশা আমার। একইসাথে উপাচার্য মহোদয় তাঁকে এ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য হিসেবে নিয়োগ প্রদান করায় মহামান্য রাষ্ট্রপতি, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী এবং শিক্ষামন্ত্রীর প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। উল্লেখ্য, ঢাকা বিশ্ববিদ্যালয়ের মৃত্তিকা, পানি ও পরিবেশ বিভাগের প্রাক্তন অধ্যাপক, বিসিএসআইআর এর সাবেক চেয়ারম্যান ড. এস এম ইমামুল হক দ্বিতীয় উপাচার্য হিসেবে গত ২৮ মে ২০১৫ তারিখ বরিশাল বিশ্ববিদ্যালয়ের যোগদান করেছিলেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

মো. ফয়সল মাহমুদ রুমি
উপ-পরিচালক (চলতি দায়িত্ব)
জনসংযোগ অফিস